

Times Today BD

মো. কামরুজ্জামান | ক্যাম্পাস | 16 April, 2025

রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু) গঠনতন্ত্র অনুমোদন করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। একই সঙ্গে রাকসু ও বিশ্ববিদ্যালয় সিনেটে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের জন্য ছাত্র প্রতিনিধি নির্বাচনের লক্ষ্যে পূর্ণাঙ্গ নির্বাচন কমিশন গঠন করা হয়েছে।

বুধবার (১৬ এপ্রিল) সন্ধ্যায় জনসংযোগ দপ্তর প্রশাসক অধ্যাপক আখতার হোসেন মজুমদার সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেন।

বিজ্ঞপ্তিতে বলা হয়, গতকাল মঙ্গলবার (১৫ এপ্রিল) অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের ৫৩৮তম সভায় ফাইন্যান্স বিভাগের অধ্যাপক মো. আমজাদ হোসেনকে নির্বাচন কমিশনের প্রধান করে এই কমিটি গঠন করা যায়।

এছাড়াও কমিশনের অন্যান্য সদস্যরা হলেন—সিন্ডিকেট সদস্য অধ্যাপক মো. নিজাম উদ্দীন, ভারপ্রাপ্ত কলেজ পরিদর্শক অধ্যাপক এফ নজরুল ইসলাম, মানসিক স্বাস্থ্য কেন্দ্রের পরিচালক অধ্যাপক মোহা. এনামুল হক, আইন বিভাগের অধ্যাপক মোহাম্মদ আব্দুল হান্নান, পরিসংখ্যান বিভাগের অধ্যাপক মো. আমিনুল হক এবং নৃবিজ্ঞান বিভাগের অধ্যাপক মোস্তফা কামাল আকন্দ।

রাজশাহী বিশ্ববিদ্যালয় গঠনতন্ত্র নির্বাচন কমিশন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 12 June, 2025 08:15

URL: <https://timestodaybd.com/public/campus/113303934>